প্রথম আলো

২৭/৭/২০০৭

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

ছাত্রদল বর্তমান উপাচার্যের সঙ্গে বৈঠক করবে না

# ছাত্রলীগ বাদে অন্যরা বয়কট করায় ঢাবি পরিবেশ পরিষদ বৈঠক হয়নি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক**

ছাত্রলীগ বাদে অন্য ছাত্র সংগঠনগুলো অংশগ্রহণ না করায় দীর্ঘদিন পর আহূত ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের বৈঠক গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়নি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও ক্যাম্পাসে সক্রিয় ছাত্র সংগঠনগুলোর সমন্বয়ে গঠিত পরিবেশ পরিষদের বৈঠক বয়কটকারী জাতীয়তাবাদী ছাত্রদলের নেতৃবৃন্দ বলেছেন, বর্তমান উপাচার্যের সঙ্গে তারা কোনো বৈঠকে বসবেন না। অন্যদিকে গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল এক প্রেস ব্রিফিং করে বলেছে, আগে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ স্বাভাবিক করতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে তারপর তারা পরিষদে যোগ দেবে।

গতকাল ক্যাম্পাসে মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, বর্তমান উপাচার্যের অধীনে তারা পরিবেশ পরিষদের কোনো বৈঠকে যোগ দেবেন না। নেতৃবৃন্দ উপাচার্যের পদত্যাগসহ বিভিন্ন দাবিতে আগামী ২৯ জুলাই থেকে আহূত লাগাতার ধর্মঘট সফল করার আহ্বান জানান। সমাবেশে ছাত্রদল সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টু, সহ-সভাপতি মনজুর এলাহী, এ বি এম মোশাররফ হোসেন, মনির হোসেন, নুরুল ইসলাম নয়ন প্রমুখ বক্তব্য রাখেন।

গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল মধুর ক্যান্টিনে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে পরিবেশ পরিষদের বৈঠকে যোগ না দেওয়া সম্পর্কে বলেছে, ছাত্রলীগ আর ছাত্রদলের সন্ত্রাসীদের 'অনাক্রমণ চুক্তি' সম্পাদনের জন্য আহূত এ বৈঠকে যোগ দেওয়া অর্থহীন। নেতৃবৃন্দ সন্ত্রাস, নৈরাজ্য, দখলদারিত্বের বিরুদ্ধে অর্থবহ গণতান্ত্রিক পরিবেশ পরিষদ দাবি করেন। সংবাদ সম্মেলনে ছাত্র ইউনিয়নের সভাপতি হাসান [illegible] চৌধুরী সোহেল, বাংলাদেশ ছাত্রমৈত্রীর দীপঙ্কর সাহা দীপু, ইমাম গাজ্জালী, শরীফুজ্জামান শরীফ, সাব্বাহ আলী খান কলিন্স, মোঃ নুর আলম প্রমুখ উপস্থিত ছিলেন।

এদিকে উপাচার্যের গাড়ি ভাঙচুর ও ক্যাম্পাসে অছাত্র মাস্তানদের প্রবেশের প্রতিবাদে ছাত্রলীগ গতকাল ক্যাম্পাসে মিছিল সমাবেশ করেছে। মিছিল শেষে ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রলীগ নেতৃবৃন্দ উপাচার্যের গাড়ি ভাঙচুরের ঘটনার সঙ্গে জড়িত ছাত্রদল সন্ত্রাসীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। তারা বলেন, সেশনজটমুক্ত ঢাকা বিশ্ববিদ্যালয়কে যারা পুনরায় সেশনজট আর ধর্মঘটের মধ্যে ফেলতে চায় সচেতন ছাত্রসমাজ তাদের প্রতিহত করবে। সমাবেশে ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি বেগ শাহিন জাহান, সাধারণ সম্পাদক এ কে এম আজিম, আল [illegible] প্রমুখ বক্তব্য রাখেন।